**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 02-12-2025** **Desk inCharge : Susmita M.**
**Time: 7-50 PM** **Compiling : Priya B.**
**DEO : KB** **NRT : Priya Biswakarma**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবরঃ-**

১/ এবার থেকে সংগৃহীত এন্যুমারেশন ফর্ম, BLO-দের দৈনিক ভিত্তিতে আপলোড করতে হবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের নির্দেশ। # SIR-এ দ্বিতীয় পর্যায় শুরু হওয়ার পর থেকে এখনো পর্যন্ত ৫০ কোটির ওপর এনুমারেশন ফর্ম বিলি করা হয়েছে। # কাজকর্ম খতিয়ে দেখতে নির্বাচন কমিশন নিযুক্ত পর্যবেক্ষকরা বিভিন্ন জেলা সফর করছেন।

২/ SIR–এর কাজ চলাকালীন মৃত ও অসুস্থ BLO-দের পরিবারকে মুখ্যমন্ত্রীর সাহায্য দেওয়ার ঘোষণার তীব্র কটাক্ষ বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর।

৩/ বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের কাজ নির্বিঘ্নে চালিয়ে নিয়ে যেতে জেলা শাসকদের নির্দেশ। # তাঁর সরকারের সাড়ে ১৪ বছরের রিপোর্ট কার্ড প্রকাশ করলেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। # উন্নয়নের এই দাবী অসত্য বলে বিজেপির অভিযোগ।

৪/ 'সঞ্চার সাথী' অ্যাপ ডাউনলোড এবং ব্যবহার সম্পূর্ণ ঐচ্ছিক বলে যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া স্পষ্ট জানিয়েছেন।

৫/ সৈয়দ মুস্তাক আলি ট্রফি ক্রিকেটে বাংলা, পাঁচ উইকেটে হিমাচল প্রদেশকে হারিয়ে দিয়েছে।

*******************************************************************

BLO-রা আগামীকাল থেকে যে সব এনুমারেশন ফর্ম সংগ্রহ করবেন, সেগুলি দৈনিক ভিত্তিতে আপলোড করতে হবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল নির্দেশ দিয়েছেন। সেইসঙ্গে আজকের মধ্যেই তাঁদের কাছে থাকা যাবতীয় এনইউমারেশন ফর্ম ডিজিটাইজ করার কাজ'ও শেষ করার কথা বলা হয়েছে। রাজ্যের সমস্ত নির্বাচন নিবন্ধন আধিকারিক বা ERO-দের লেখা এক চিঠিতে শ্রী আগরওয়াল জানিয়েছেন, এনিউমারেশন পর্বের সময়সীমা বাড়ায় তারা খসড়া ভোটার তালিকা আরো নির্ভুলভাবে প্রকাশ করার সুযোগ পেয়েছেন। ১১'ই ডিসেম্বরের মধ্যে যেসব ফর্ম জমা পড়বে না, সেগুলিকে 'আনকালেক্টেবল' হিসেবে গণ্য করা হবে এবং সেই স্টেটাস পোর্টালেও প্রতিফলিত হবে। এই সময়ের মধ্যে কোথাও অস্থায়ী কর্মী ডেটা এন্ট্রি করেছেন কি না, তাও খতিয়ে দেখতে হবে। কোনও ত্রুটি ধরা পড়লে তার দায় বহন করতে হবে সংশ্লিষ্ট BLO-কে।

***************************

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন- SIR-এ দ্বিতীয় পর্যায় শুরু হোয়ার পর থেকে এখনো পর্যন্ত ৫০ কোটি ৮৫ লক্ষ এনুমারেশন ফর্ম বিতরণ করা হয়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। এপর্যন্ত ডিজিটাইজিড হয়েছে প্রায় চল্লিশ কোটি ফর্ম। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে আগামী বছরের ১৪-ই ফেব্রুয়ারী।

***************************

SIR-এর কাজ খতিয়ে দেখতে নির্বাচন কমিশন নিযুক্ত পর্যবেক্ষকরা বিভিন্ন জেলা সফর করছেন। পর্যবেক্ষক দলের সদস্য দেবীপ্রসাদ করণম আজ পুরুলিয়া পৌঁছে জেলাশাসকের দপ্তরে জেলা নির্বাচনী আধিকারিকের সঙ্গে বৈঠক করেন। উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক এবং অন্যান্য আধিকারিকরা। এসআইআর ফর্ম সংগ্রহ, ডিজিটাইজেশন সহ বিভিন্ন বিষয়ে তাদের কথা হয়।

**************************

রাজ্যের অন্যান্য জেলার সঙ্গে মুর্শিদাবাদে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের কাজ এগিয়ে চলেছে। জেলায় মোট ভোটারের সংখ্যা ৫৭ লক্ষ ৬৪ হাজারের কিছু বেশি, তার মধ্যে প্রায় ৯০ শতাংশ এনুমারেশন ফর্ম ইতমধ্যেই সংগ্রহ করে আপলোড করা হয়ে গেছে বলে জেলা প্রশাসন সূত্রে খবর। SIR-এর সময়সীমা এবং বুথ লেভেল আধিকারিকদের সাম্মানিক বৃদ্ধি পাওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন অনেক বিএলও। মুর্শিদাবাদের রানীনগর বিধানসভার ৮০ নম্বর বুথের বিএলও আবু রাকেশ সিদ্দিকির সঙ্গে কথা বলেছেন আমাদের জেলা সংবাদদাতা মামুন ফারুক।

( বাইট- আবু রাকেশ )

SIR–এর কাজ চলাকালীন মৃত BLO এবং সাধারণ নাগরিকদের পরিবারের সদস্যদের জন্য অর্থ সহায়তার কথা ঘোষণা করেছেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

নবান্নে আজ সাংবাদিকদের তিনি বলেন, মৃতদের পরিবার পিছু এককালীন দু-লক্ষ এবং যারা অসুস্থ হয়ে চিকিতসাধীন, তাঁদের এক লক্ষ টাকা করে অর্থ সহায়তা দেওয়া হবে।

( বাইট- মমতা )

মুখ্যমন্ত্রীর এই ঘোষণাকে তীব্র কটাক্ষ করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। মালদায় আজ এক অনুষ্ঠানে তিনি বলেন, SIR আতঙ্কে মৃত্যুর যে অভিযোগ তোলা হচ্ছে, তার নিরপেক্ষ তদন্ত করা প্রয়োজন।

( বাইট- শুভেন্দু )

**************************

বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পের কাজ নির্বিঘ্নে চালিয়ে নিয়ে যেতে রাজ্য সরকার সব জেলাশাসকদের নির্দেশ দিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ

নবান্নে তাঁর সরকারের ক্ষমতায় আসার সাড়ে ১৪ বছরের রিপোর্ট কার্ড প্রকাশ করেন।

তিনি বলেন, বর্তমানে রাজ্য সরকারের ৯৫টি সামাজিক সুরক্ষা প্রকল্প রয়েছে, তার অগ্রগতি খতিয়ে দেখার জন্য ১০ জন পর্যবেক্ষককে বিভিন্ন জেলায় পাঠানো হচ্ছে। পাশাপাশি কাজের উপর নজরদারির জন্য তিনি মুখ্যসচিব মনোজ পন্থকে একটি 'মনিটরিং টিম' তৈরি করার নির্দেশ দিয়েছেন।

গ্রামীণ এলাকার উন্নয়নে যেসব আধিকারিক ভালো কাজ করবেন রাজ্য সরকার তাদের পুরস্কৃত করবে বলেও মুখ্যমন্ত্রী জানিয়েছেন। বিভিন্ন প্রকল্পের উন্নয়নের খতিয়ান তুলে ধরে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে বেকারত্বের হার ৪০ শতাংশে নেমে এসেছে। দশ বছরে দারিদ্রসীমার বাইরে এসেছেন এক কোটি ৭২ লক্ষ মানুষ।

যাত্রীদের সুবিধার্থে মুড়িগঙ্গার উপর প্রস্তাবিত গঙ্গাসাগর সেতু নির্মাণের কাজ, খুব শীঘ্রই শুরু হবে বলে তিনি জানান।

***************************

এদিকে, মুখ্যমন্ত্রী তাঁর সরকারের আমলে উন্নয়নের রিপোর্ট কার্ড তুলে ধরলেও, একে সম্পূর্ণ অসত্য বলে দাবী করেছে বিজেপি।

দিল্লিতে আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, তৃণমূল কংগ্রেস সরকারের আমলে রাজ্যের ঋণের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। গত ১৫ বছরে রাজ্যে নতুন কোনো শিল্পের শিলান্যাস হয়নি। তৃণমূল কংগ্রেস সমগ্র পশ্চিমবঙ্গকে স্তব্ধ করে দিয়েছে বলে তাঁর অভিযোগ।

( বাইট- শমীক )

***************************

নবান্নে বৈঠকের পর মুখ্যমন্ত্রী, দুদিনের মালদহ ও মুর্শিদাবাদ সফরে আজ বহরমপুর পৌঁছেছেন। বিকেল চারটের কিছু পরে মুখ্যমন্ত্রীর হেলিকপ্টার পৌঁছয় বহরমপুরের ব্যারাক স্কোয়্যারে। আজ সেখানে রাত্রিবাসের পর মুখ্যমন্ত্রী আগামীকাল মালদার

গাজোলে রাজনৈতিক জনসভা করবেন। পরদিন ৪ তারিখ বহরমপুরে সভা করবেন মুখ্যমন্ত্রী। এরপরই তাঁর কলকাতায় ফেরার কথা।

**************************

সঞ্চার সাথী অ্যাপ ডাউনলোড এবং ব্যবহার সম্পূর্ণভাবে ঐচ্ছিক বলে যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া আজ স্পষ্ট জানিয়েছেন। একটি সোশ্যাল মিডিয়া পোস্টে, শ্রী সিন্ধিয়া বলেছেন, দেশের প্রত্যেক নাগরিকের ডিজিটাল সুরক্ষা সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। তিনি উল্লেখ করেন, ব্যবহারকারীরা তাঁদের সুবিধামতো অ্যাপটি নামাতে পারেন, আবার যে-কোনও ডিভাইস থেকে এটি নিষ্ক্রিয় বা মুছে ফেলতে পারেন।

( বাইট – জ্যোতিরাদিত্য সিন্ধিয়া )

এর আগে, মোবাইল হ্যান্ডসেট আসল কি না তা যাচাই করার উদেশ্যে ভারতে ব্যবহারের জন্য তৈরি বা আমদানি করা সমস্ত মোবাইল সেট গুলিতে সঞ্চার সাথী অ্যাপ আগে থেকে ইনস্টল করার নির্দেশ জারি করেছিল ভারত সরকার।

**************************

আগামী বছর বিশ্ববঙ্গ বাণিজ্য সম্মেলনের আসর বসবে বিধানসভা নির্বাচনের পর। তার আগে চলতি মাসের ১৭ এবং ১৮ তারিখ ক্ষুদ্র ও বৃহৎ শিল্পের জন্য দুটি পৃথক শিল্প সম্মেলনের আয়োজন করবে রাজ্য সরকার। নবান্নে এদিন প্রশাসনিক বৈঠকের মঞ্চ থেকে একথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। তিনি জানান, ১৭ ডিসেম্বর নেতাজি ইনডোর স্টেডিয়ামে ক্ষুদ্র ও মাঝারি শিল্প সম্মেলন আয়োজন করা হবে। পরদিন আলিপুরের ধনধান্য অডিটরিয়ামে বৃহৎ শিল্পের কনক্লেভের আয়োজন করবে রাজ্য সরকার।

মুখ্যমন্ত্রী এদিন জানিয়েছেন, অর্থনৈতিক বৃদ্ধির গতিকে ত্বরান্বিত করতে রাজ্যে একের পর এক নতুন শিল্প ও বিনিয়োগ প্রকল্প এগিয়ে চলেছে। বর্তমানে ছ'টি অর্থনৈতিক করিডোর তৈরির কাজ চলছে। এর ফলে আগামী দিনে অন্তত আরও এক লক্ষ কর্মসংস্থান তৈরি হবে। পাশাপাশি দেউচা–পাঁচামি প্রকল্পেও এক লক্ষ মানুষের কর্মসংস্থানের সম্ভাবনার কথা উল্লেখ করেন মুখ্যমন্ত্রী ।

**************************

দত্তাবাদে স্বর্ণ ব্যবসায়ী খুনে অভিযুক্ত রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মনের আগাম জামিনের নির্দেশকে চ্যালেঞ্জ করে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে বিধাননগর পুলিশ কমিশনারেট। স্বর্ণ ব্যবসায়ী স্বপন কামিল্যার খুনের ঘটনায় তাঁর পরিবার বিডিও-র বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। গত বুধবার তাঁর আগাম জামিন মঞ্জুর করে বারাসত আদালত । এই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে হাইকোর্টে মামলা দায়ের করেছে বিধাননগর পুলিশ কমিশনারেট। তাদের দাবী, বিডিও ঘটনার দিন নিউ টাউনের আবাসনে উপস্থিত ছিলেন না বলে নিম্ন আদালতে যে তথ্য দিয়েছিলেন, তা' সম্পূর্ণ ভুয়ো।

**************************

কেন্দ্রীয় সংস্থা CAG-এর পর রাজ্যের অর্থ দপ্তরও রোজভ্যালি 'অ্যাসেট ডিস্পোজাল কমিটি'- ADC-র বিরুদ্ধে আর্থিক অনিয়মের অভিযোগে ফরেনসিক অডিট করতে অস্বীকার করেছে। কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজর্ষী ভরদ্বাজ ও বিচারপতি উদয় কুমারের ডিভিশন বেঞ্চে আজ লিখিতভাবে রাজয়ের অর্থ দপ্তর জানিয়েছে, তাদের কাছে ফরেনসিক অডিট করার মতো পরিকাঠামো এবং দক্ষ কর্মী নেই। দুই বিচারপতির বেঞ্চ, কেন্দ্রের অতিরিক্ত সলিসিটর জেনারেল এস ভি রাজুকে অনুরোধ করেছেন, ফরেনসিক অডিটের জন্য CAG-এর কোনো দক্ষ অভিজ্ঞ আধিকারিক যাতে নিয়োগ করা যায়। চৌঠা ডিসেম্বর মামলার শুনানি।

এদিকে, গত দু'মাস ধরে কমিটি রোজভ্যালির আমানতকারীদের টাকা ফেরত দেওয়া বন্ধ করে দেওয়ায় অসন্তোষ প্রকাশ করে হাইকোর্ট।

**************************

আগামীকাল, আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস। এবারের দিনটি পালনের মূল ভাবনা- 'অগ্রগতির লক্ষ্যে বিশেষভাবে সক্ষমদের নিয়ে সমাজ গড়ে তোলা'। (Fostering disability inclusive societies for advancing social progress)

এই উপলক্ষে আজ থেকেয় নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

সকালে, 'ন্যাশনাল ইনস্টিটিউট ফর লোকোমোটর ডিসঅ্যাবিলিটিজ'-এর তরফে ধর্মতলায় একটি র‍্যালির আয়োজন করা হয়। উদ্বোধন করেন প্রতিষ্ঠানের অধিকর্তা ডঃ ললিত নারায়ণ। ৫০০ জনেরও বেশি ছাত্র ছাত্রী এবং বিশেষভাবে সক্ষমরা এতে অংশ নেন। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন দপ্তরের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ডঃ সিদ্ধার্থ পান্ডে, "স্পেশাল অলিম্পিক্স ভারত"এর সহ সভাপতি পবন কুমার পাতোদিয়া সহ বিশিষ্ট জনেরা।

এদিকে, মহিলা ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দপ্তরের তরফে আজ বিশেষভাবে সক্ষম কৃতি মানুষদের পুরস্কৃত করা হয়। এঁদের মধ্যে অন্যতম হলেন, দৃষ্টিহীন ক্রিকেটার চন্দন মাইতি।

**************************

পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে আজ কলকাতা সহ দক্ষিণবঙ্গের বেশিরভাগ জেলাতেই সর্বনিম্ন তাপমাত্রা ছিল স্বাভাবিকের উপরে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় কুড়ি ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে তিন ডিগ্রি বেশি। সল্টলেকে সর্বনিম্ন তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে পাঁচ ডিগ্রীর বেশী। শ্রীনিকেতন এবং বাঁকুড়ায় সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪.৬ ডিগ্রি সেলসিয়াস, অন্যদিকে উত্তরবঙ্গের আলিপুরদুয়ারে আজ সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১২ ডিগ্রী সেলসিয়াস।

গত ২৪ ঘন্টায় পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান এবং পূর্ব মেদিনীপুর জেলায় বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টি হয়েছে। আগামীকাল থেকে রাজ্যে সর্বত্রই সর্বনিম্ন তাপমাত্রা ২ থেকে ৪ ডিগ্রী পর্যন্ত কমতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

**************************

হায়দ্রাবাদে আজ সৈয়দ মুস্তাক আলি ট্রফি ক্রিকেটে বাংলা পাঁচ উইকেটে হিমাচল প্রদেশকে হারিয়ে দিয়েছে। প্রথমে ব্যাট করে হিমাচল প্রদেশ পাঁচ উইকেটে ২০৮ রান করেছিল। একান্ত সেন ৮৯, পুখরাজ মান ৭৯ রান করেন। শাহাবাজ আহমেদ তিনটি উইকেট নেন। জবাবে বাংলা ১৮ ওভার চার বলে পাঁচ উইকেটে প্রয়োজনীয় রান তুলে নেয়। করণ লাল ১১৩ রান করেন। বাংলা পরবর্তী ম্যাচে বৃহস্পতিবার সার্ভিসের বিরুদ্ধে খেলবে।

*****************************************************************